

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭৬৬

১/ বিবিধ

আরবী

تصافحوا فإن المصافحة تذهب بالشحناء، وتهادوا فإن الهدية تذهب بالغل
ضعيف

رواه العقيلي في "الضعفاء" (379) وابن عدي (1 / 361) وعنه ابن عساكر (15 / 171) (2 / 237) وعبد العزيز الكتاني في "حديثه" (2 / 237) عن هشام بن عمار قال: أخبرنا محمد بن عيسى بن سميع قال: أخبرنا محمد بن أبي الزعيزعة عن نافع عن عبد الله بن عمر مرفوعا وقال العقيلي: "محمد بن أبي الزعيزعة، قال البخاري: منكر الحديث". قال العقيلي: "وهذا الكلام يروى بغير هذا الإسناد، وخلاف هذا اللفظ من طريق أصلح من هذا"، قال الذهبي: "ومن مناكيره هذا الحديث". وقال ابن عدي: "وابن سميع لا بأس به وابن أبي الزعيزعة عامة ما يرويه لا يتابع عليه". والحديث قال ابن أبي حاتم (2 / 296) عن أبيه: "حديث منكر والحديث أورده السيوطي في "الجامع" من رواية ابن عدي عن ابن عمر بلفظ: "تصافحوا يذهب الغل عن قلوبكم ورواه مالك في "الموطأ" (2 / 908 / 16) عن عطاء بن أبي مسلم عبد الله الخراساني مرفوعا معضلا

বাংলা

১৭৬৬। তোমরা মুসাফাহা কর, কারণ মুসাফাহা কৃপণতাকে দূর করে আর তোমরা পরস্পরকে হাদিয়া দাও, কারণ

হাদিয়া শত্রুতা ও হিংসা বদ্বৈষকে দূর করে।

হাদীসটি দুর্বল।

হাদীসটিকে ওকাইলী “আযযুয়াফা” গ্রন্থে (৩৭৯), ইবনু আদী (১/৩৬১), তার থেকে ইবনু আসাকির (২/১৭১/১৫), আব্দুল আযীয কাতানী তার “হাদীস” গ্রন্থে (২/২৩৭) হিশাম ইবনু আম্মার হতে, তিনি মুহাম্মাদ ইবনু ঈসা ইবনু সুমাই হতে, তিনি মুহাম্মাদ আবু যু'য়াইযু'য়াহ হতে, তিনি নাফে হতে, তিনি আব্দুল্লাহ ইবনু উমার (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

ওকাইলী বলেনঃ মুহাম্মাদ ইবনু আবু যু'য়াইযু'য়াহ সম্পর্কে বুখারী বলেনঃ তিনি মুনকারুল হাদীস।

ওকাইলী বলেনঃ এ কথা ভিন্ন সনদে বর্ণনা করা হয়েছে। তবে সেটির ভাষা এ হাদীসের ভাষা বিরোধী, যার সূত্রটিও বেশী সঠিক এ সূত্র হতে।

হাফিয যাহাবী বলেনঃ এ হাদীসটি উক্ত ব্যক্তির মুনকারগুলোর অন্তর্ভুক্ত।

ইবনু আদী বলেনঃ ইবনু সুমাই'র মধ্যে কোন সমস্যা নেই আর ইবনু আবী যু'য়াইযু'য়ার অধিকাংশ বর্ণনার মুতাবা'য়াত করা হয়নি। হাদীসটি সম্পর্কে ইবনু আবী হাতিম (২/২৯৬) তার পিতার উদ্ধৃতিতে বলেনঃ হাদীসটি মুনকার।

হাদীসটিকে সুযুতী “আলজামে” গ্রন্থে ইবনু আদীর বর্ণনায় আব্দুল্লাহ ইবনু উমার (রাঃ) হতে নিম্নের ভাষায় বর্ণনা করেছেনঃ

“তোমরা পরস্পরে মুসাফাহা কর তোমাদের অন্তরসমূহ থেকে হিংসা বিদ্বৈষ ও শত্রুতা দূর হবে।”

এটিকে ইমাম মালেক “আলমুওয়াত্তা” গ্রন্থে (২/৯০৮/১৬) আতা ইবনু আবু মুসলিম আব্দুল্লাহ খুরাসানী হতে মু'যাল (একাধিক বর্ণনাকারী উল্লেখিত না হওয়া) সনদে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=72649>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন